# ইনকিলাব মঞ্চের সদস্যসচিব জাবের গুলিবিদ্ধ



ছবি: সংগৃহীত

ইনকিলাব মঞ্চের সদস্যসচিব আব্দুল্লাহ আল জাবের গুলিবিদ্ধ হয়েছেন বলে দাবি করেছে সংগঠনটি। শুক্রবার (৬ ফেব্রুয়ারি) বিকেলে এক বার্তায় এ তথ্য জানানো হয়।

সংগঠনের পক্ষ থেকে বলা হয়, শরিফ ওসমান হাদি হত্যার তদন্ত জাতিসংঘের অধীনে করা এবং জড়িতদের বিচারের দাবিতে নেতাকর্মীরা প্রধান উপদেষ্টার বাসভবন যমুনার দিকে যাত্রা করেন। পথে আন্দোলনকারীদের ছত্রভঙ্গ করতে পুলিশ জলকামান ও টিয়ারগ্যাস নিক্ষেপ করে। এ সময় জাবের গুলিবিদ্ধ হন বলে দাবি করা হয়।

বিকেল সাড়ে ৪টার দিকে রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল মোড়ে এ ঘটনা ঘটে বলে জানা গেছে।

জাবেরের ব্যক্তিগত ফেসবুক আইডি থেকেও জানানো হয়, এ ঘটনায় শতাধিক ব্যক্তি আহত হয়েছেন এবং তিনি নিজেও গুলিবিদ্ধ হয়েছেন।

পরিস্থিতি শান্ত রাখার আহ্বান জানিয়ে সংগঠনের পক্ষ থেকে বলা হয়, আপাতত কোনো জমায়েত না করে চিকিৎসা নেওয়ার পর আবার কর্মসূচিতে ফিরবেন তারা।